

স্বল্প মেয়াদী ছুটির নীতিমালা ও পদ্ধতি (Short Leave Policy & Procedure)

ডকুমেন্ট নং (Document No)	ইস্যু তারিখ (Issue Date)	রিভিশন নং (Revision No)	রিভিশন তারিখ (Revision Date)	অনুমোদনকারী (Approved By)

ভূমিকা : গ্রুপ তাহার ফ্যাক্টরী পরিচালনায় সবসময় স্থানীয়, জাতীয় আইন, আন্তর্জাতিক আইন এবং তাহার ক্রেতার আচরণবিধি মেনে চলতে বদ্ধপরিকর। ডার্ড গ্রুপের প্রতিটি ফ্যাক্টরীতে সব সময় আইন অনুযায়ী সাধারণ কর্মসময় অনুসরণ করা হয় এবং তাহা কখনও আইনের অতিরিক্ত হয় না। ফ্যাক্টরীতে হাজিরা নিশ্চিতকরণের জন্য ইলেকট্রনিক্স পাঞ্চ মেশিন আছে যেখানে কার্ড পাঞ্চ করে ফ্যাক্টরীতে প্রবেশ এবং বাহির হতে হয়। ডার্ড গ্রুপের ফ্যাক্টরীতে সাধারণ কর্মসময় ০৮ ঘন্টা এবং এই সময়ে কেহ গেটপাশ ব্যতীত ফ্যাক্টরী থেকে বাহির হতে পারবে না। জরুরী প্রয়োজনে অনেক সময় শ্রমিক কর্মচারীদের কর্মকালীন সময়ে বাহিরে যাবার বা ব্যক্তিগত প্রয়োজনে স্বল্পকালীন সময়ে ছুটি নেবার প্রয়োজন হয়। স্বল্পকালীন সময়ে ছুটি নেবার পলিসি ও পদ্ধতি নিম্নরূপ;

- সকল শ্রমিক কর্মচারীগণ উপযুক্ত কারণ এবং প্রয়োজন সাপেক্ষে স্বল্পমেয়াদী ছুটি নিতে পারবে।
- কর্তৃপক্ষ কর্তৃক পাশকৃত স্বল্পমেয়াদী ছুটির ক্ষেত্রে কোন প্রকার মুজুরী কর্তন করা হবে না।
- কর্তৃপক্ষ কর্তৃক পাশকৃত স্বল্পমেয়াদী ছুটি কোন মূল ছুটির সাথে যোগ হবে না এবং এর জন্য কোন দিন বা দিনের অংশ হিসাবে ছুটির হিসাব করা হবে না।
- স্বল্পমেয়াদী ছুটি নেবার প্রয়োজন হলে কমপক্ষে ১০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট সেকশন প্রধানকে জানাতে হবে।
- শ্রমিক থেকে লাইনচীপ পর্যন্ত সকলকে সংশ্লিষ্ট মানবসম্পদ বিভাগ হতে গেইটপাশ নিয়ে যথাযথভাবে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষর নিয়ে মেইন গেইটে নিরাপত্তা বিভাগে জমা দিয়ে স্বল্পকালীন সময়ে ছুটির জন্য যেতে হবে।
- লাইনচীপ থেকে তদউর্ধ্ব পর্যায়ের সকলকে স্বল্পমেয়াদী ছুটি নেবার প্রয়োজন হলে মেইন গেইটে রক্ষিত স্টাফ ইন-আউট রেজিস্টার এ নাম, পদবী, সময় এবং কারণ উল্লেখ এবং স্বাক্ষর করে ফ্যাক্টরীর বাহিরে যেতে হবে এবং ফিরে এসে আবার ও রেজিস্টারে স্বাক্ষর করতে হবে।
- সংশ্লিষ্ট নিরাপত্তা বিভাগ স্বল্পমেয়াদী ছুটি শেষে ফিরে আসা সকলের সময় যাচাই করবে এবং কেহ নিদ্রারিত সময়ের পর আসলে সেটা মানবসম্পদ বিভাগকে অবহিত করবে।

প্রস্তুতকারী (Prepared By)	অনুমোদনকারী (Approved By)	অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature)	সীল (Seal)
এইচআর এন্ড কমপ্লায়েন্স বিভাগ	নির্বাহী পরিচালক,		